[illegible]

[illegible], [illegible]

**Job Category:** Administration/General Management

**Job Source:** The Daily Star

## Job Summary

**Posted On:** 28 Nov 2024

**Application Deadline:**15 Dec 2024

# ত্রিশাল পৌরসভা কার্যালয়

ত্রিশাল, ময়মনসিংহ

স্থাপিত-১৯৯৮খ্রিঃ।

স্মারক নং-ত্রিঃপৌ/প্রশাঃ/সাখা-/২৪/৯৪১ তারিখঃ ২৭-১১-২০২৪ খ্রিঃ

## পুনঃ নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার স্থানীয় সরকার পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রনালয়, স্থানীয় সরকার বিভাগ, পৌর-১ শাখার স্মারক নং- ৪৬.০০.০০০০.০৮৩.১১.০১১.২৩-১০৪০ তারিখ: ০৪-০৭-২০২৩ খ্রিঃ তারিখ পত্রের ছাড়পত্র মূলে ত্রিশাল পৌরসভার নিম্নবর্ণিত শূন্য পদ সমূহে অস্থায়ী ভিত্তিতে কর্মচারী নিয়োগের নিমিত্তে বর্ণিত শর্তাবলী স্বাপেক্ষে বাংলাদেশের প্রকৃত স্থায়ী নাগরিকদের নিকট হইতে সাদা কাগজে স্ব-হস্তে লিখিত দরখাস্ত আহয়ান করা যাইতেছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতন স্কেল (জাতীয় বেতন স্কেল-২০১৫) | পদ সংখ্যা | বয়স | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|---|
| ১ | নিম্নমান সহকারী কাম মুদ্রাক্ষরিক | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬তম | ০১ | ১৮-৩২ | উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পরীক্ষা পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতাসহ কম্পিউটারে বাংলায় ৩০ এবং ইংরেজীতে (৪০ মিনিটে) শব্দের গতি থাকতে হবে। পৌরসভায় কর্মরত ৪র্থ শ্রেণির কর্মচারীদের ক্ষেত্রে বয়সসীমা শিথিলযোগ্য। তবে এ পদের জন্য নির্ধারিত শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। |
| ২ | সহকারী লাইসেন্স পরিদর্শক | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬তম | ০১ | ১৮-৩২ | স্বীকৃত বোর্ড হতে উচ্চ মাধ্যমিক সার্টিফিকেট পাশ অথবা সমমানের শিক্ষাগত যোগ্যতা। |
| ৩ | সহকারী কর আদায়কারী | ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫তম | ০১ | ১৮-৩২ | স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে স্নাতক ডিগ্রী। |
| ৪ | স্যানিটারি ইন্সপেক্টর | ১১০০০-২৬৫৯০ গ্রেড-১৩তম | ০১ | ১৮-৩২ | এইচ.এস.সি সহ মেডিকেল টেকনোলজিতে স্যানিটারি ইন্সপেক্টরশীপ। তবে ৩ বৎসরের কোর্স সম্পন্ন প্রার্থী পাওয়া না গেলে ১ বৎসর বা সমমানের কোর্স সম্পন্ন প্রার্থীকে নিয়োগ করা হবে। এ ক্ষেত্রে বেতনক্রম বিধিমোতাবেক নির্ধারণ করা হবে। |
| ৫ | টিকাদানকারী (পুরুষ) | ৯০০০-২১৮০০/- গ্রেড-১৭তম | ০১ | ১৮-৩২ | স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক পাশ হতে হবে। টিকাদান কালে প্রশিক্ষন প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৬ | টিকাদানকারী (মহিলা) | ৯০০০-২১৮০০/- গ্রেড-১৭তম | ০১ | ১৮-৩২ | স্বীকৃত শিক্ষা বোর্ড হতে মাধ্যমিক পাশ হতে হবে। টিকাদান কাজে প্রশিক্ষন প্রাপ্ত প্রার্থীকে অগ্রাধিকার নেওয়া হবে। |
| ৭ | সুপারভাইজার | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬তম | ০১ | ১৮-৩২ | স্বীকৃত বোর্ড হতে এইচ.এস.সি পাশ। সংশ্লিষ্ট কাজে বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৮ | সার্ভেয়ার | ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫তম | ০১ | ১৮-৩২ | স্বীকৃত প্রতিষ্ঠান হতে সার্ভেয়ারশীপ/ওভারশীপ/সমমানের শিক্ষাগত যোগ্যতা থাকতে হবে। বাস্তব অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ৯ | ট্রাক/ট্রাক্টর চালক | ৯৭০০-২৩৪৯০/- গ্রেড-১৫তম | ০১ | ১৮-৩২ | ৮ম শ্রেণী পাশসহ যানবাহন চালকের বৈধ লাইসেন্স এবং সংশ্লিষ্ট বিষয়ে ৩ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১০ | পাম্প চালক | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬তম | ০২ | ১৮-৩২ | ৮ম শ্রেণী পাশ। সংশ্লিষ্ট কাজে ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। সার্টিফিকেটধারীগণকে অগ্রাধিকার দেওয়া হবে। |
| ১১ | জীপ চালক | ৯৩০০-২২৪৯০/- গ্রেড-১৬তম | ০১ | ১৮-৩২ | ১০ম শ্রেণী পাশ হতে হবে। ভারীযানবাহন চালনায় বৈধ লাইসেন্সধারী এবং ২ বৎসরের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে। |

**শর্তানলী ঃ-**

১। প্রার্থীকে অবশ্যই জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক হতে হবে।

২। দরখাস্তে প্রার্থীর পূর্ণ নাম, পিতার নাম, মাতার নাম, স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, জাতীয়তা, ধর্ম, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা ইত্যাদি উল্লেখ করতে হবে। দরখাস্তের সাথে প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার সার্টিফিকেট এর সত্যায়িত ফটোকপি এবং প্রশাসক/চেয়ারম্যান, পৌরসভা/ইউনিয়ন পরিষদ, কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদ পত্র ও প্রথম শ্রেণির গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদ পত্রের মূলকপি, সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ০৩ (তিন) কপি ছবি এবং প্রশাসক ত্রিশাল পৌরসভার অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার পোস্টাল অর্ডার/পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (অফেরৎযোগ্য) সংযোজন করতে হবে।

৩। অফিস চলাকালীন সময়ে আগামী ১৫-১২-২০২৪ খ্রিঃ তারিখের মধ্যে প্রশাসক ত্রিশাল পৌরসভা বরাবর আবেদন পত্র ডাকযোগে/সরাসরি দাখিল করতে হবে।

৪। প্রার্থীর বয়স ৩০-০৬-২০২৩ খ্রিঃ তারিখে ১৮-৩২ বছর হতে হবে। জনপ্রশাসন মন্ত্রনালয়, বিধি-১ শাখার ২২-০৯-২০২২খ্রিঃ তারিখের স্মারক নং-০৫.০০.০০০০.১৭০.১১.০১৭.২০-১৪৯ এর প্রশাসনিক অফিস আদেশ অনুসরণ করা হবে।

৫। নিয়োগের ক্ষেত্রে সরকার কর্তৃক জারীকৃত সর্বশেষ নীতিমালা ও পদ্ধতি যথাযথ ভাবে অনুসরণ করা হবে।

৬। কোটা সম্পর্কিত প্রচলিত সর্বশেষ জুলাই ২০২৪ এর প্রজ্ঞাপন (বাংলাদেশ গেজেট) অনুসরণ করা হবে।

৭। পূর্বে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

৮। অসম্পূর্ণ কিংবা বিলম্বে প্রাপ্ত দরখাস্ত গ্রহণযোগ্য হবে না।

৯। কর্তৃপক্ষ যে কোন শর্ত পরিবর্তন, সংযোজন করতে পারবেন। কর্তৃপক্ষ কোন কারণ দর্শানো ব্যতিরেকে এই বিজ্ঞপ্তির যে কোন অংশ/সম্পূর্ণ বিজ্ঞপ্তির সংশোধন অথবা বাতিল কিংবা গ্রহণের ক্ষমতা সংরক্ষন করেন।

১০। লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশ গ্রহণের জন্য প্রার্থীকে কোন প্রকার টিএ/ডিএ দেওয়া হবে না। মৌখিক পরীক্ষার সময় প্রার্থীদের অবশ্যই সকল সনদপত্রের মূলকপি দাখিল করতে হবে। লিখিত ও মৌখিক পরীক্ষার তারিখ ইন্টারভিউ কার্ড ইস্যুর মাধ্যমে জানানো হবে।

১১। চাকুরীর বিষয়ে কোন প্রকার প্রত্যক্ষ/পরোক্ষ তদবির/সুপারিশ প্রার্থীর অযোগ্যতা বলে গণ্য হবে।

১২। আবেদন পত্রে ফেরৎযোগ্য খামে স্পষ্টাক্ষরে লিখিত আবেদনকারীর বর্তমান ঠিকানা উল্লেখ পূর্বক ৯.৫" X ৪.৫" খামের উপর ১০ টাকা মূল্যের ডাকটিকিট সংযুক্ত করতে হবে।

১৩। খামের উপর পদের নাম স্পষ্টাক্ষরে লিখতে হবে।

২৭/১১/২০২৪

(জুয়েল আহমেদ)
প্রশাসক
ত্রিশাল পৌরসভা, ময়মনসিংহ।

GD-1066